# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## অধ্যক্ষের কার্যালয়
## ফেনী সরকারি কলেজ,ফেনী।

তারিখ ঃ ০৫/১২/২০১৭ খ্রি.

# ২০১৭ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষার সংশোধিত ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে ,২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের নিয়মিত,২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের (অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online- ০৫ ডিসেম্বর ২০১৭ তারিখ থেকে শুরু হয়েছে।

নিম্নে বিষয়ভিত্তিক আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ দেয়া হল ঃ

| ক্রমিক নং | বিষয় | ফরম পূরণ ও জমাদানের তারিখ | সময় |
|---|---|---|---|
| ১ | বাংলা,ইংরেজী,ইসলামের ইতিহাস,ইতিহাস,দর্শন | ০১/০১/২০১৮ | সকাল ১০.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত |
| ২ | রাষ্ট্রবিজ্ঞান ,সমাজকর্ম,অর্থনীতি,হিসাব বিজ্ঞান,ব্যবস্থাপনা | ০২/০১/২০১৮ | |
| ৩ | পদার্থ , রসায়ন ,প্রাণী,উদ্ভিদ,গণিত | ০৩/০১/২০১৮ | |

**প্রতি পরীক্ষার্থী কলেজ সেশন ফি সহ পরীক্ষার ফি বাবদ বিষয় ভিত্তিক নিম্নোক্ত হারে জমা দিতে হবে।**

**বিষয় ভিত্তিক পরীক্ষার ফি (নিয়মিত ও অনিয়মিত)**

| বিষয় | পরীক্ষার ফি | সেশন ফি | মোট টাকা |
|---|---|---|---|
| বাংলা, ইংরেজী ,ইতিহাস, ইসঃইতিহাস, দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান , সমাজকর্ম, হিসাববিজ্ঞান , ব্যবস্থাপনা | ২২০০/- | ২৯৫৫/- | ৫১৫৫/- |
| রসায়ন | ২৫২০/- | ২৯৫৫/- | ৫৪৭৫/- |
| পদার্থবিদ্যা ,উদ্ভিদ,প্রাণিবিদ্যা ,গণিত | ২৩২০/- | ২৯৫৫/- | ৫২৭৫/- |

যে সকল ছাত্র-ছাত্রী সেশন ফি এর টাকা প্রদান করে নাই তাদেরকে সেশন ফি ও ফরমপূরণ এর নির্ধারিত ফি সহ একসাথে (MICR) পে-অর্ডার সংগ্রহ করতে হবে।

**গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি**

| | ১ বিষয় | ২ বিষয় | ৩ বিষয় | ৪ বিষয় | ৫ বিষয় | ৬ বিষয় | ৭ বিষয় |
|---|---|---|---|---|---|---|---|
| গ্রেড উন্নয়ন | ১০০০/- | ১২০০/- | ১৪০০/- | ১৬০০/- | ১৮০০/- | ২০০০/- | ২২০০/- |

* ইনকোর্স পরীক্ষা ফি বাবদ নগদ ২০০/-(দুইশত টাকা ) রশিদের মাধ্যমে জমা দিতে হবে।

ফেনী পৌর এলাকার মিজান রোড এর প্রধান শাখা **সোনালী ব্যাংক** থেকে **অধ্যক্ষ ,ফেনী সরকারী কলেজ** এই নামে এম,আই,সি আর পে-অর্ডার এর ফি জমা দিয়ে আবেদন ফরম সংগ্রহ করে নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে জমা দিয়ে ফরম পূরণ করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য ঃ- পৌর এলাকার বাহিরে কোন ব্যাংক থেকে পে-অর্ডার সংগ্রহ করা হলে, এম,আই,সি,আর পে-অর্ডার সংগ্রহ করা না হলে বা বিজ্ঞপ্তিতে উল্লেখিত পরিমাণ টাকার অংকের সমপরিমাণ পে-অর্ডার সংগ্রহ করা না হলে অথবা- **অধ্যক্ষ ,ফেনী সরকারী কলেজ** এই ঠিকানা ব্যতিরেকে অন্য কোন নামে পে-অর্ডার সংগ্রহ করা হলে তা গ্রহণ করা হবে না।

## On-line – এর মাধ্যমে আবেদন ফরমপূরণের নিয়মাবলী ঃ

০১। আবেদন ফরম সংগ্রহ ঃ

ক) আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.nu.edu.bd** অথবা **www.nubd.info/honours** প্রিন্ট করে অথবা প্রিন্টকৃত কপি থেকে ফটোকপি করে নিতে পারবেন। পরীক্ষার্থী নিজে আবেদন ফরমপূরণ করার পর নির্ধারিত ফিসহ স্ব -স্ব বিভাগে জমা দিবে। আবেদন ফরমে বিষয়কোড ও ফি অবশ্যই উল্লেখ থাকবে।

খ) আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগিয়ে এবং ০১ (এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

০২। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) নিয়মিতঃ ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০১৬ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইট-এ দেয়া আছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০১৭ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

খ) অনিয়মিতঃ ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ন হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০১৬ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০১৭ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করবে।

গ) গ্রেড উন্নয়নঃ জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ২০১৬ সালের তৃতীয় বর্ষ অনার্স (নিয়মিত) পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/ প্রমোটেড হয়েছে তারা যে সকল কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও উক্ত পরীক্ষায় যারা C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০১৭ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।

৩। অনার্স পাঠ্যসূচী (**Syllabus**) ঃ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

খ) **তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের নূন্যতম যোগ্যতাঃ**

- ❖ তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের জন্য শিক্ষার্থীকে সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। সকল বিষয়ে অংশগ্রহণ করে **কমপক্ষে চারটি তত্ত্বীয় কোর্সে D বা এর বেশি গ্রেড অর্জন করতে হবে** তৎসঙ্গে ব্যবহারিক কোর্সে উত্তীর্ণ হতে হবে।
- ❖ ০১ টি কোর্সে অনুপস্থিত থেকে অন্যান্য সকল কোর্সে D গ্রেড বা এর বেশি গ্রেড পেলে তার ফলাফল Conditional promoted হবে। এরুপ শিক্ষার্থীরা ২০১৭ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় উক্ত অনুপস্থিত কোর্সে অবশ্যই অংশগ্রহণ করতে হবে।
- ❖ একের অধিক কোর্সে অনুপস্থিত হলে অথবা একটি কোর্সে অনুপস্থিত থেকে অন্য একটি কোর্সে F গ্রেড পেলে Promotion হবে না, তার ফলাফল Not promoted হবে।
- ❖ Promoted /Not promoted প্রাপ্ত শিক্ষার্থীরা পরবর্তী বছর অনুপস্থিত পত্র ও F গ্রেড পাওয়া কোর্সে/কোর্সসমূহে পরীক্ষা দেবে এবং একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত (সর্বোচ্চ দু'টি) কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ❖ সংশোধিত পরীক্ষা রেগুলেশন অনুযায়ী একজন পরীক্ষার্থী F গ্রেড পাওয়া কোর্স/কোর্সসমূহ উচ্চতর গ্রেডে উন্নয়নের জন্য রেজিস্ট্রেশন মেয়াদে (শুরু থেকে সাত শিক্ষাবর্ষের মধ্যে) অবশ্যই D বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে সে ক্ষেত্রে গ্রেড উন্নয়নের সুযোগ থাকবে না। F গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে পরবর্তীতে পরীক্ষার মাধ্যমে উন্নীত করার ক্ষেত্রে ফলাফল যাই হোক না কেন একজন পরীক্ষার্থী সর্বোচ্চ B+ গ্রেড এর বেশি প্রাপ্ত হবে না।
- ❖ ইন-কোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নীত করণের কোন সুযোগ নাই
- ❖ যে সকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষের কোর্সসমূহে D বা এর বেশী গ্রেড না পাওয়া পর্যন্ত অনার্স তৃতীয় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে কিন্তু তার ফলাফল স্থগিত থাকবে।

**আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি নির্ধারিত স্থানে আইকা আঠা লাগিয়ে এবং ০১ ( এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।**

বিশেষ দ্রষ্টব্য : সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণকে আগামী ০৪/১২/২০১৭ তারিখের মধ্যে অবশ্যই ফরমপূরণ এর কাজ সমাপ্তি করতে হবে।

## বিভাগীয় প্রধানগণ ঃ

**পূরণকৃত আবেদন ফরমের পত্র, বিষয়কোড,রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি যাচাই পূর্বক আবেদন ফরমে বিভাগীয় প্রধানগণ স্বাক্ষর আবশ্যক। আবেদন ফরম জমা গ্রহণের পর কম্পিউটার ইনপুট করে পরীক্ষার্থীর নাম, রেজি ঃ নং, বিষয় কোড যাচাই বাচাই করে কাম্পিউটার বিবরণীতে বিভাগীয় প্রধান স্বাক্ষর করবেন । পরীক্ষার্থীর বিবরণীতে কোন ভুলত্রুটির জন্য সংশ্লিষ্ট বিভাগ দায়ী থাকবে। ব্যাংক ড্রাফট করার ২ দিন পূর্বেই ( বিভাগীয় প্রধান স্বাক্ষরকৃত) বিবরনী কলেজ অফিসে জমা দিতে হবে।**

12.12.17

**অধ্যক্ষ**

**ফেনী সরকারী কলেজ,ফেনী।**

12.12.17

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ,ফেনী।

তারিখ ঃ ০৯/১২/২০১৭ খ্রি.

# এইচএসসি পরীক্ষা ২০১৮ এর ফরম পূরণের আংশিক সংশোধিত বিজ্ঞপ্তি

**২০১৮ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহনেচ্ছু ব্যবসায় শিক্ষা বিভাগের যে সকল ছাত্র-ছাত্রীর পরিসংখ্যান বিষয় আছে তাদের সর্বমোট =১৯৯৫ (এক হাজার নয়শত পঁচানব্বই টাকার এম.আই.সি.আর পে-অর্ডার করতে হবে।**

অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ,ফেনী।